গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-০৩)- ৪৩১৭

তারিখ: ০১/০১/১৪৩৩ বঙ্গাব্দ
১৫/০৪/২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ১১ মার্চ ২০২৬ খ্রি: তারিখ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে অনুষ্ঠিত মহাপরিচালক মহোদয়ের দরবারের কার্যবিবরণী:**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি মহোদয় দরবারে উপস্থিত হলে সশ্রদ্ধ অভিবাদন জ্ঞাপন করে মহাপরিচালক মহোদয়ের নিকট দরবার হস্তান্তর করেন অধিদপ্তরের পরিচালক (প্রশি: পরি: উন্ন:) জনাব লেঃ কর্নেল এম এ আজাদ আনোয়ার, পিএসসি।

২। পবিত্র ধর্মগ্রন্থ আল-কোরআন থেকে তেলাওয়াত এর মাধ্যমে দরবার শুরু হয়। মহাপরিচালক মহোদয় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সুষ্ঠভাবে বিতর্কহীনভাবে দায়িত্ব পালন করতে পারায় মহান সৃষ্টিকর্তার নিকট এবং একইসাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যারা এ দায়িত্বের সাথে সম্পৃক্ত ছিলেন তাদের প্রত্যেকের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। দরবারে সরাসরি ও ভিটিসিতে অংশগ্রহণকারী পরিচালকবৃন্দসহ সকল কর্মকর্তা কর্মচারীদের সালাম ও রমাদানের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। বক্তব্যের প্রারম্ভে তিনি সমন্বয়ের মাধ্যমে গতি, সেবা ও ত্যাগের মূলনীতিকে প্রাধান্য দিয়ে দেশের সেবায় আত্মনিয়োগ করে অধিদপ্তরের ভাবমূর্তি উজ্জ্বলের আহবান জানান।

৩। পরবর্তীতে বর্তমান সরকার ঘোষিত নির্বাচনী ইশতেহার-২০২৬ অনুযায়ী এ অধিদপ্তরের ১৮০ দিন, এক বছর ও পাঁচ বছর মেয়াদি কর্মপরিকল্পনা বাস্তবায়নসহ, অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম আরো যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে মহাপরিচালক মহোদয় নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় দরবারে নিম্নোক্ত বিষয়সমূহের উপর দিক নির্দেশনা প্রদান করেন:

| ক্রমিক | আলোচ্যসূচি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | সরকার ঘোষিত ১৮০ দিনের কর্মপরিকল্পনা অনুযায়ী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সাথে সামজস্যপূর্ণ কার্যক্রম দক্ষ ও সুষ্ঠুভাবে পালনের কথা বলেন। যাতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে স্বচ্ছ, দুর্নীতিমুক্ত এবং দক্ষ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা যায়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে স্বচ্ছ, দুর্নীতিমুক্ত এবং দক্ষ হিসেবে গড়ে তুলতে অর্পিত দায়িত্ব সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে পালন করতে হবে। | পরিচালক (সকল), ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.২ | গ্রেড আপগ্রেডেশন বিষয়ে বলেন স্টেশন অফিসার পদটির আপগ্রেডেশনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সম্মতি পাওয়া গিয়েছে। এছাড়া অন্যান্য পদগুলোর গ্রেড আপগ্রেডেশনের কার্যক্রম চলমান রয়েছে। | সকল পর্যায়ের গ্রেড আপগ্রেডেশনের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.৩ | সকলের আন্তরিক সহযোগিতায় গত নিয়োগ কার্যক্রম দুর্নীতিমুক্ত সফল ভাবে সম্পন্ন হওয়ায় মহাপরিচালক মহোদয় নিয়োগ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। আগামী নিয়োগের ব্যাপারে কেউ কেউ ফেসবুকসহ বিভিন্ন অনলাইন মিডিয়ায় প্রতারণামূলক কর্মকান্ডে জড়িত হওয়ার চেষ্টা করছে এবং তাদের বিষয়ে সকলকে সচেতন থাকার পরামর্শ দেওয়া হয়। | দুর্নীতিমুক্ত, স্বচ্ছ নিয়োগ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে। যদি বিভাগের কেউ নিয়োগের কাজে প্রতারণার আশ্রয় নেয় এবং প্রমাণ মেলে তবে তার বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক (সকল) উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.৪ | সম্প্রতি ৫৯ জনকে লিডারকে সাবঅফিসার পদে পদোন্নতি দেয়া হয়েছে। সাব অফিসার হতে এসও পদে পদোন্নতির বিষয়ে আলোচনা করা হয়, নিয়োগবিধির সমস্যার কারণে সাব অফিসার হতে এস ও পদে পদোন্নতি দেয়া যাচ্ছে না। তবে আইনি কাঠামো মেনে দ্রুত পদোন্নতির ব্যবস্থা করা হবে বলে জানানো হয়। পদোন্নতি কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে মহাপরিচালক মহোদয় ধন্যবাদ প্রদান করেন। | পদোন্নতি কার্যক্রম তরান্বিত করতে পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে আরো কার্যকর পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.৫ | সদস্য সহায়তা তহবিল তৈরি করা হয়েছে যাতে অপারেশনাল কাজে মৃত্যুবরণকারী বা গুরুতর আহত সদস্যদের দ্রুত আর্থিক সহায়তা প্রদান করা যায়। পেশাগত দায়িত্ব পালনকালে মৃত্যুবরণকারী সদস্যদের সন্তানদের জন্য কর্মকর্তা ও কর্মচারী কল্যান তহবিল হতে শিক্ষা অনুদানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত মেধাবী সন্তানদের পুরস্কৃত করার কথা বলা হয়। | বিভাগীয় সদস্য সহায়তা তহবিলের অর্থের পরিমাণ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে প্রয়োজনানুযায়ী সহায়তা প্রদান করা যায়। অপারেশনাল কর্মকান্ডে নিয়োজিত সকলকে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। শিক্ষাবৃত্তি ও জিপিএ ৫ প্রাপ্ত মেধাবী সন্তানদের পুরস্কৃত করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |

| ক্রমিক | আলোচ্যসূচি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.৬ | ভূমিকম্প ঝুঁকিপূর্ণ ফায়ার স্টেশন মেরামতের ব্যবস্থা গ্রহণ এবং উদ্ধার কার্যক্রমের জন্য নির্বাচিত ১০০টি ফায়ার স্টেশনের জনবল ও সাজসরঞ্জামাদিসহ সর্বদা প্রস্তুত থাকতে বলা হয়। দ্রুততর সময়ে সাড়া প্রদানের লক্ষ্যে ডিএডি, এসএসও, এসও দের প্রস্তুত থাকার নির্দেশনা দেওয়া হয়। | মেরামত কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তদের তদারকি যথাযথভাবে করতে হবে। উদ্ধার কার্যের জন্য নির্বাচিত স্টেশন সংশ্লিষ্ট সকলকে সর্বদা সতর্ক থাকতে হবে। | পরিচালক (সকল) ও উপপরিচালক (সকল) |
| ৩.৭ | কনস্ট্রাকশন কোম্পানীসহ বিভিন্ন কাজের সাথে সম্পৃক্ত স্থানীয় বিভিন্ন সংস্থার নিকট যাদের উদ্ধার সহযোগী ভেহিক্যাল, উদ্ধার সাজসরঞ্জামাদি, দক্ষ জনবল রয়েছে তাদের সাথে যোগাযোগ স্থাপনের জন্য বলা হয়। তাদের নিকট কি ধরনের সরঞ্জামাদি, ভেহিক্যাল ও সহযোগিতা করার মত ব্যবস্থাদি রয়েছে তার তালিকা, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের সাথে যোগাযোগের নম্বর সংরক্ষণসহ তাদের সাথে সুসম্পর্ক স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।<br>ভলান্টিয়ারদের ছবি ও প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করে ডাটাবেন তৈরির কথা বলা হয়। | উদ্ধার সহযোগী ভেহিক্যাল, উদ্ধার সাজসরঞ্জামাদি, দক্ষ জনবলের তালিকাসহ,সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের /দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের যোগাযোগের নম্বর সংরক্ষণসহ তাদের সাথে সুসম্পর্ক স্থাপন করতে হবে।<br>পরিচালক প্রশিক্ষণ কে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বলা হয়। | পরিচালক (অপা: ও মেইন:)/ (প্রশি: পরি: উন্ন:)/উপপরিচালক (সকল)/সহকরী পরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.৮ | অনেক সদস্যকে বিভাগীয় চেইন অব কমান্ড লংঘন করে তদবিরের মাধ্যমে বিভিন্ন সুবিধা গ্রহণের প্রবনতা পরিলক্ষিত হচ্ছে যার দরুণ অপারেশনালসহ বিভাগীয় কার্যক্রম ব্যাহত হচ্ছে। | বিভাগীয় চেইন অব কমান্ড লংঘন অসদাচরণের শামিল। যদি এ রকম কোন অভিযোগ পাওয়া যায় তবে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থাসহ বদলি এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক (সকল) উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.৯ | অনিয়ম রোধের জন্য সকল স্টেশনসমূহের কার্যক্রমকে সিসি ক্যামেরার আওতায় আনা প্রয়োজন। | সকল স্টেশনকে সিসি ক্যামেরার আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.১০ | বিভাগীয় সেবা প্রদান আরো সহজীকরণ করার কথা বলেন। আমাদের অনেক ভালো কাজ আছে কিন্তু কিছু কিছু খারাপ কাজ অনেক সময় আমাদের সুনামকে নষ্ট করে দিচ্ছে।<br>কেউ কেউ উচ্চ পদস্থ রাজনৈতিক ব্যক্তিবর্গের মিথ্যা পরিচয় দিয়ে প্রতারণা করার চেষ্টা করছেন বলে উল্লেখ করেন। | সেবা প্রদান সহজীকরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বিভাগের ভাবমূর্তি নষ্ট হয় এমন কাজ করা যাবে না। প্রতারণার দায়ে অভিযুক্ত হলে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক (সকল) উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.১১ | বদলি বিষয়ে বলা হয় যে, বদলি নীতিমালার আলোকে নিজ জেলায় বদলি করা যাচ্ছে না তবে কর্মী কল্যাণের বিষয়টি বিবেচনা করে দূরত্ব আরো কমিয়ে ৬০ কিলোমিটার এর স্থলে ৪০ কি.মি. দূরত্বে বদলি করার বিষয়টি উল্লেখ করেন। জরুরি প্রয়োজন হলে বদলির আবেদন পত্র প্রেরণের জন্য বলা হয়। আর্থিক লেনদেনের মাধ্যমে বদলি কার্যক্রমে কেউ যাতে জড়িত না হয় সে বিষয়ে সতর্ক করেন। | এখন দূরত্ব কমিয়ে ৬০ কিলোমিটার এর স্থলে ৪০ কি.মি. দূরত্বে বদলির চেষ্টা করা হবে। আর্থিক লেনদেনের মাধ্যমে বদলি কার্যক্রমে কেউ জড়িত হলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক (প্রশা: ও অর্থ)/উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.১২ | ১৮০ দিনের মধ্যে কিউআর কোডসহ অনলাইনের মাধ্যমে স্বচ্ছতার সাথে ফায়ার লাইসেন্স প্রদানের বিষয়টি তুলে ধরেন। এসএসও এবং এসও বিহীন স্টেশনসমূহে ওয়্যারহাউজ ইন্সপেক্টরদের নিজস্ব এলাকার কাছাকাছি ফায়ার স্টেশনের তদারকি করতে দায়িত্ব প্রদানের কথা বলা হয়। | ১৮০ দিনের মধ্যে কিউআর কোডসহ অনলাইনের মাধ্যমে স্বচ্ছতার সাথে ফায়ার লাইসেন্স প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভাগীয় ডিডিগণ এসএসও এবং এসও বিহীন স্টেশনসমূহে ওয়্যারহাউজ ইন্সপেক্টরদের দায়িত্ব প্রদানের তালিকা দ্রুত অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশা: ও অর্থ:)/(অপা: ও মেইন:) উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.১৩ | সহকারী পরিচালক কুষ্টিয়া জানান ড্রাইভার সংকট থাকায় অপারেশনাল কাজ বিঘ্নিত হওয়াসহ ড্রাইভারদের ছুটি দিতে সমস্যা হচ্ছে। এরই প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় সদর দপ্তর, বিভাগীয় ও জেলা সদরে ২-৩ জন ড্রাইভার মজুদ রাখার বিষয়টি আলোচনা করেন। | ড্রাইভার সংকট সমাধানে নতুন ৫৪ জন পদায়ন ও ফায়ারফাইটার কাম ড্রাইভারদের বদলি করা হবে। সদর দপ্তর, বিভাগীয় ও জেলা সদরে ২-৩ জন ড্রাইভার মজুদ রাখতে হবে। যাতে অপারেশনাল কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়। এ বিষয়ে দ্রুত ডিডি/এডিগণ তালিকা প্রেরণ করবে। | পরিচালক (প্রশা: ও অর্থ:)/(অপা: ও মেইন:) উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |

| ক্রমিক | আলোচ্যসূচি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১৪ | দুর্নীতিমুক্ত নিয়োগ, লেনদেনের মাধ্যমে বদলি বন্ধ হওয়া এবং আরো বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের জন্য ওয়্যারহাউজ ইন্সপেক্টর রেজা-ই রাব্বি অধিদপ্তরকে আন্তরিক ধন্যবাদ জানান। পাশাপশি ওয়্যারহাউজ ইন্সপেক্টরদের কম্পিউটার, প্রিন্টার না থাকায় মাসিক রিপোর্টসহ বিভিন্ন সময়ে চাহিত নানাবিধ তথ্যাদি যথাসময়ে প্রেরণ করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে নিজস্ব বাহন না থাকায় পরিদর্শনসহ বিভিন্ন সরকারি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা কষ্ট হচ্ছে বলে জানান। | মহাপরিচালক মহোদয় জানান যে, আগামী অর্থবছরে কিছু সংখ্যক ল্যাপটপ ও কয়েক মাসের মধ্যে কিছু মটর সাইকেল পাওয়া যাবে। সমস্যা সমাধানে সেগুলো ইন্সপেক্টরদের মধ্যে বণ্টন করা হবে। | পরিচালক (প্রশা: ও অর্থ:)/(অপা: ও মেইন:) উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.১৫ | বিভাগীয় শহরে ফায়ারফাইটার ও ড্রাইভারদের ফ্রি মেডিক্যাল টেস্ট করানোর বিষয়টি উল্লেখ করেন। | বিভাগীয় শহরে ফায়ার ফাইটার ও ড্রাইভারদের ফ্রি মেডিক্যাল টেস্ট করানোর জন্য মেডিক্যাল ক্যাম্পেইন করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক (সকল), উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৩.১৬ | ভালো কাজের পুরস্কার/সম্মাননা প্রদানের ক্ষেত্রে ডিডি, এডি ও ডিএডিদের সঠিক সদস্যদের নির্বাচন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ভালো কাজের পুরস্কার/সম্মাননা প্রদানের লক্ষ্যে ডিডি, এডি ও ডিএডিদের সঠিক সদস্য নির্বাচন করতে হবে। | পরিচালক (সকল), উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট শাখা প্রধান |

৪। মহাপরিচালক মহোদয় বিভাগীয় কর্মকান্ডে তিনি সন্তুষ্ট বলে উল্লেখ করেন ও সভার নির্দেশনাসমূহ সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার আহবান জানান। পবিত্র মাহে রমাদান ও ইদুল ফিতরের শুভেচ্ছা জানিয়ে দরবারের কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
ব্রিগেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-০৩)- ৫৩১৯

তারিখ: ০২/০১/১৪৩৩ বঙ্গাব্দ
১৫/০৪/২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ করা হলো:

১. পরিচালক (প্রশা: ও অর্থ/অপা: ও মেইন:/প্রশি: পরি: উন্ন:), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক (প্রশা: ও অর্থ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. সহকারী পরিচালক (প্রশা: ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ................................................(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,...............................................(সকল)।
৯. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল/পরিকল্পনা।
১৫. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ........................................(সকল)।
১৭. সুপার/সেকশন ইনচার্জ..............................................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. এ অধিদপ্তরের গার্ড ফাইল/ হিসাব/ বাসা বরাদ্দ/নিয়োগ/বদলি /বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/ রেকর্ড/ এইচআরএম/ ডাটা এন্ট্রি/ এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ ওয়্যারহাউজ/ অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ সমিতি।

১৫/০৪/২৬
মোঃ মিজানুর রহমান, বিএফএম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)